গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, বেসিক ব্যাংক লিমিটেড

এবং

সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

# সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৫

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৭

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৮

# দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বিগত ৩ বছরে মোট এসএমই ঋণ বিতরণ করা হয়েছে ৫৩০৯ কোটি টাকা। কৃষিঋণ বিতরণ করা হয়েছে ৩০৩ কোটি টাকা। নারী উদ্যোক্তাদের ৯৫ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং গ্রীণ ফাইন্যান্সিং খাতে ১৩৪ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া শ্রেণিকৃত ঋণ আদায় কার্যক্রম বৃদ্ধি করা হয়েছে। ফলশ্রুতিতে শ্রেণিকৃত ঋণের হার ২০১৪ সালের ৬৭.৯২% হতে হ্রাস পেয়ে ২০২১ সাল শেষে ৪৯.৩২% এ দাঁড়িয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

২০১০-২০১৪ সালে বেসিক ব্যাংকে সংঘটিত অনিয়মের ফলে শ্রেণিকৃত ঋণ বেড়ে দাঁড়ায় ৬৭.৯২%। শ্রেণিকৃত ঋণ বৃদ্ধি পাওয়ায় মূলধন ঘাটতি এবং প্রভিশন ঘাটতি বৃদ্ধি পেয়েছে, মুনাফা অর্জনও বাধাগ্রস্ত হচ্ছে । শ্রেণিকৃত ঋণের আধিক্য বর্তমানে ব্যাংকের প্রধান সমস্যা এবং এই শ্রেণিকৃত ঋণ হ্রাস করাই প্রধান চ্যালেঞ্জ। এছাড়া বৃহৎ জনগোষ্ঠীকে ব্যাংকিং সেবায় অন্তর্ভূক্তকরণ, তথ্য-প্রযুক্তির প্রসার, সর্বোপরি জনশক্তির দক্ষতা বৃদ্ধির মাধ্যমে ব্যাংকটিকে একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করে ব্যাংকের হারানো গৌরব পুনরূদ্ধার করাই ব্যাংকের প্রধান চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বিদ্যমান ঋণ আদায় কার্যক্রম জোরদার করে শ্রেণিকৃত ঋণের পরিমাণ কমিয়ে আনা। এসএমই, কৃষি, ক্ষুদ্র শিল্প খাতে অগ্রাধিকার ভিত্তিতে ঋণ বিতরণের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং ব্যাংকের উপার্জনশীলতা বৃদ্ধি করা। নারী উদ্যোক্তাদের অধিক পরিমাণে ঋণ বিতরণের মাধ্যমে নারী ক্ষমতায়ন এবং সরকারের এসডিজি বাস্তবায়নে ভূমিকা রাখা। গ্রীণ ফাইন্যান্সিং এবং স্বল্পব্যয়ী আমানতের পরিমাণ বৃদ্ধির উপর গুরুত্বারোপ করা। ব্যাংকের নবীন কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি করে উন্নত ব্যাংকিং সেবা প্রদানে অগ্রগামী হওয়া। সেবার প্রতিটি ক্ষেত্রে অটোমেশনের মাত্রা ও পরিধি বৃদ্ধি করে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে ব্যাংকিং খাতের অবদান সম্প্রসারণ করা। বৃহৎ জনগোষ্ঠীকে ব্যাংকিং সেবা প্রদান করে আর্থিক অন্তর্ভূক্তির পরিধি বৃদ্ধিকরণ। নতুন সেবা চালুকরণ অব্যাহত রাখা এবং বিদ্যমান সেবাসমূহকে যুগপোযোগি করার মাধ্যম জনহিতকর কার্যক্রমে অগ্রণী ভূমিকা পালনা করা। ইন্টারনেট/App based মোবাইল ব্যাংকিং এর গ্রাহক সংখ্যা বৃদ্ধির মাধ্যমে ক্যাশলেস ট্রানজেকশনে উৎসাহ প্রদান করা।

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- এসএমই খাতে ২০০০ কোটি টাকা ঋণ বিতরণ এবং ১২০০ কোটি টাকা ঋণ আদায়
- কৃষি খাতে ৫০ কোটি টাকা ঋণ বিতরণ এবং ৫০ কোটি টাকা ঋণ আদায়
- শিল্প ঋণ খাতে ৭৫০ কোটি টাকা ঋণ বিতরণ এবং ৫০০ কোটি টাকা ঋণ আদায়
- শ্রেণিকৃত হিসাবসমূহ হতে ১০০ কোটি টাকা নগদ আদায় করা
- অবলোপনকৃত ঋণসমূহ হতে ৫০ কোটি টাকা নগদ আদায় করা
- শ্রেণিকৃত ঋণের হার ৪৫% এ নামিয়ে আনা
- প্রভিশন সংরক্ষণের হার ১০০% এ উন্নীত করা
- স্বল্পব্যয়ী আমানত মোট আমানতের ৩০% এ উন্নীতকরণ
- ১০টি উপশাখা চালুকরণ
- লোকসানী শাখার সংখ্যা কমিয়ে ২০টি তে আনা
- ৩৫ টি রীট মামলা নিষ্পত্তি করা
- ৫০ টি অর্থঋণ মামলা নিষ্পত্তি করা

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, বেসিক ব্যাংক লিমিটেড

এবং

সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২২ সালের জুন মাসের ২৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

ক্ষুদ্র ও মাঝারী শিল্প বিকাশের লক্ষ্যে ঋণ সুবিধা প্রদান করে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে ভূমিকা রাখা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

ব্যবসার পরিধি সম্প্রসারণের মাধ্যমে উন্নত ব্যাংকিং সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়া এবং কৃষি, কুটির শিল্প, ক্ষুদ্র ও মাঝারী শিল্প, নারী উদ্যোক্তা ঋণ ইত্যাদি খাতে বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি করে আর্থিক অন্তর্ভূক্তি সম্প্রসারণ করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. ঋণ ও অগ্রিম বিতরণ এবং অন্যান্য বিনিয়োগের মাধ্যমে ব্যাংকের আয় বৃদ্ধিকরণ;

২. ব্যাংকের নন-পারফরমিং ঋণ সন্তোষজনক পর্যায়ে রাখা এবং প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার সার্বিক উন্নয়ন;

৩. ঝুঁকি হ্রাস ও আর্থিক ভিত্তি শক্তিশালীকরণসহ প্রতিষ্ঠানের আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলা সুসংহতকরণ;

৪. ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে ডিজিটাল ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ এবং আইসিটি ব্যবহারের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধি ও গ্রাহক সেবার মান উন্নয়ন এবং সার্বিক নিরাপত্তা জোরদার;

৫. নারী উদ্যোগক্তাদের ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে নারীর ক্ষমতায়ন এবং সামাজিক নিরাপত্তা বৃদ্ধিকরণ।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. আমানত সংগ্রহ

২. ঋণ ও অগ্রীম প্রদান

৩. বৈদেশিক বাণিজ্যে অংশগ্রহণ

৪. বৈদেশিক রেমিটেন্স সংগ্রহ

৫. স্বীকৃত বিল ক্রয়

৬. এল.সি, ব্যাংক গ্যারান্টি ইস্যুকরণ

৭. ট্রেজারী বন্ড এবং শেয়ারে বিনিয়োগ

৮. বিভিন্ন ইউটিলিটি বিল জমা নেয়ার মাধ্যমে ইউটিলিটি সেবা প্রদান, ইত্যাদি

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | | |
| ব্যাংকিং খাতে আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধি | গ্রাহকের সংখ্যা (ক্রমপুঞ্জিভুত) | লক্ষ জন | ৩.৪৭ | ৩.৩৯ | ৪ | ৪.৫০ | ৫ | সকল শাখা ও প্রধান কার্যালয়ের বিভাগসমূহ | প্রধান কার্যালয়ের ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি ডিভিশন হতে প্রাপ্ত বিবরণী |
| ব্যাংকের আর্থিক অবস্থার উন্নয়ন | নীট লোকসান কমিয়ে আনা | কোটি টাকা | (৩১৬.৯২) | (১১৬.৫৭) | ১ | ২৫ | ৫০ | সকল শাখা ও প্রধান কার্যালয়ের বিভাগসমূহ | বার্ষিক প্রতিবেদন ও প্রধান কার্যালয়ের ফাইন্যান্স এন্ড একাউন্টস ডিভিশন হতে প্রাপ্ত বিবরণী |
| ব্যাংকের ঋণের মান উন্নয়ন | শ্রেণিকৃত ঋণের হার | % | ৫৪.৪৫ | ৫৪.৪০ | ৪৫ | ৩৫ | ২৫ | আদায় বিভাগ ও সংশ্লিষ্ট শাখা | প্রধান কার্যালয়ের রিকভারী ডিভিশন হতে প্রাপ্ত সিএল (CL) বিবরণী |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] ঋণ ও অগ্রিম বিতরণ এবং অন্যান্য বিনিয়োগের মাধ্যমে ব্যাংকের আয় বৃদ্ধিকরণ; | ১৮ | [১.১] কৃষিঋণ বিতরণ ও আদায় | [১.১.১] বিতরণকৃত কৃষি ঋণ | সমষ্টি | কোটি টাকা | ৩ | ৭২.৫৯ | ৪১.৯৯ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫৫ | ৬০ |
| | | | [১.১.২] আদায়কৃত কৃষি ঋণ | সমষ্টি | কোটি টাকা | ৩ | ৬৬.৯৭ | ৬২.১৬ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫৫ | ৬০ |
| | | [১.২] এসএমই ঋণ বিতরণ ও আদায় | [১.২.১] বিতরণকৃত এসএমই ঋণ | সমষ্টি | কোটি টাকা | ৩ | ১৪৬৭.৩৩ | ১৫৭৩.৮১ | ২০০০ | ১৯৫০ | ১৮৫০ | ১৭৫০ | ১৬৫০ | ২১০০ | ২২০০ |
| | | | [১.২.২] আদায়কৃত এসএমই ঋণ | সমষ্টি | কোটি টাকা | ৩ | ১২৩৬.১৭ | ১৩৩৫.৮১ | ১৩০০ | ১২৫০ | ১২০০ | ১১০০ | ১০০০ | ১৫০০ | ১৬০০ |
| | | [১.৩] শিল্প ঋণ বিতরণ ও আদায় | [১.৩.১] বিতরণকৃত শিল্প ঋণ | সমষ্টি | কোটি টাকা | ২ | | | ৭৫০ | ৭০০ | ৬৫০ | ৬০০ | ৫৫০ | ৮৮০ | ৯০০ |
| | | | [১.৩.২] আদায়কৃত শিল্প ঋণ | সমষ্টি | কোটি টাকা | ১ | | | ৫০০ | ৪৫০ | ৪০০ | ৩৫০ | ৩০০ | ৫৫০ | ৬০০ |
| | | [১.৪] অন্যান্য বিনিয়োগ (কৃষি, এসএমই, শিল্প, গৃহনির্মাণ ও বিশেষ চলতি মূলধন ঋণ ব্যতীত ট্রেজারি বন্ডে মোট বিনিয়োগ) | [১.৪.১] অন্যান্য বিনিয়োগকৃত অর্থ | ক্রমপুঞ্জিভূত | কোটি টাকা | ৩ | ২৯৭৮.৫১ | ৩৪৩৩.৫১ | ৩৫০০ | ৩৪০০ | ৩৩০০ | ৩২০০ | ২৮০০ | ৩৬০০ | ৩৭০০ |
| [২] ব্যাংকের নন-পারফরমিং ঋণ সন্তোষজনক পর্যায়ে রাখা এবং প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার সার্বিক উন্নয়ন; | ১৬ | [২.১] শ্রেণিকৃত ঋণের পরিমাণ হ্রাস ও নগদ আদায় | [২.১.১] শ্রেণিকৃত ঋণের স্থিতি | ক্রমপুঞ্জিভূত | কোটি টাকা | ২ | ৭৯৮৫.৫২ | ৭৭২২.৬৮ | ৬৫০০ | ৬৮০০ | ৭০০০ | ৭২০০ | ৭৫০০ | ৬০০০ | ৫৫০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | | [২.১.২] আদায়কৃত অর্থ | সমষ্টি | কোটি টাকা | ২ | ৪৭.৭৬ | ৮৪.৮৮ | ১০০ | ৭৫ | ৬০ | ৪০ | ৩৫ | ১০০ | ১০০ |
| | | [২.২] অবলোপনকৃত ঋণের পরিমাণ হ্রাস ও নগদ আদায় | [২.২.১] অবলোপনকৃত ঋণের স্থিতি | ক্রমপুঞ্জিভূত | কোটি টাকা | ২ | ৪৪৫.৫৭ | ১২৮০.৪৮ | ১৫০০ | ১৮০০ | ১৯০০ | ২০০০ | ২২০০ | ১৮০০ | ২০০০ |
| | | | [২.২.২] আদায়কৃত অর্থ | সমষ্টি | কোটি টাকা | ২ | ০.৮৮ | ৫.৩৩ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫৫ | ৬০ |
| | | [২.৩] স্বল্পব্যয়ী আমানতের হার বৃদ্ধি ও পরিচালন মুনাফা অর্জন | [২.৩.১] স্বল্পব্যয়ী আমানতের হার | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ২১.৩৩ | ২৩.০৩ | ৩০ | ২৫ | ২২ | ২০ | ১৭ | ৩৫ | ৪০ |
| | | | [২.৩.২] অর্জনকৃত পরিচালন মুনাফা | সমষ্টি | কোটি টাকা | ২ | (১৮৬.৬১) | (১২০.৭৩) | (২০০) | (২৬০) | (২৭০) | (২৮০) | (৩০০) | (২০০) | (১৫০) |
| | | [২.৪] আন্তঃশাখা লেনদেন সমন্বয়করণ ও লোকসানী শাখার সংখ্যা হ্রাস | [২.৪.১] সমন্বয়কৃত এন্ট্রি | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ৯৯.৯৭ | ৯৯.৮৭ | ৯৯.০০ | ৯৮.৫০ | ৯৮.৪০ | ৯৮.৩০ | ৯৮.২০ | ৯৯.০০ | ৯৯.০০ |
| | | | [২.৪.২] লোকসানী শাখার স্থিতি | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ২৯ | ২৯ | ২০ | ২২ | ২৪ | ২৬ | ২৮ | ১৫ | ১০ |
| [৩] ঝুঁকি হ্রাস ও আর্থিক ভিত্তি শক্তিশালীকরণসহ প্রতিষ্ঠানের আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলা সুসংহতকরণ; | ১৪ | [৩.১] মূলধন সংরক্ষণের হার বৃদ্ধিকরণ ও প্রভিশন সংরক্ষণ | [৩.১.১] সংরক্ষিত মূলধন | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | (০.৯৩) | (৩.৫৪) | (১.৫০) | (২.৫০) | (৩) | (৪) | (৫) | (১.০০) | ০.৫০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | | [৩.১.২] সংরক্ষিত প্রভিশন | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ৭৮.১৬ | ৬৩.৬৬ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [৩.২] মামলা নিষ্পত্তিকরণ | [৩.২.১] নিষ্পত্তিকৃত রিট মামলার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ২২ | ১৯ | ৩৫ | ৩২ | ৩০ | ২৮ | ২৫ | ২৫ | ২০ |
| | | | [৩.২.২] নিষ্পত্তিকৃত অর্থঋণ মামলার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৭৩ | ৪৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫০ | ৫০ |
| | | | [৩.২.৩] নিষ্পত্তিকৃত বিভাগীয় ও অন্যান্য মামলার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | ৫৫ | ২৭ | ৩৭ | ৩২ | ২৮ | ২৫ | ২২ | ৪১ | ৪৬ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৪] ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে ডিজিটাল ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ এবং আইসিটি ব্যবহারের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধি ও গ্রাহক সেবার মান উন্নয়ন এবং সার্বিক নিরাপত্তা জোরদার; | ১২ | [৪.১] ক্যাশলেস ট্রানজেকশন বৃদ্ধিকরণ | [৪.১.১] ডেবিট/ক্রেডিট কার্ডের নতুন গ্রাহক সংখ্যা | সমষ্টি | সংখ্যা (হাজার) | ২ | ৩.৫৯ | ৪.৬৮১ | ৫ | ৪.৫ | ৪.১০ | ৩.৯০ | ৩.৫০ | ৫.৫০ | ৬ |
| [৪] ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে ডিজিটাল ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ এবং আইসিটি ব্যবহারের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধি ও গ্রাহক সেবার মান উন্নয়ন এবং সার্বিক নিরাপত্তা জোরদার; | ১২ | [৪.১] ক্যাশলেস ট্রানজেকশন বৃদ্ধিকরণ | [৪.১.২] RTGS এ লেনদেনকৃত অর্থের পরিমাণ | সমষ্টি | কোটি টাকা | ২ | ৫৮০০.০০ | ২২৬১৮.৭০ | ২৫০০০ | ২২০০০ | ২০০০০ | ১৮০০০ | ১৬০০০ | ৩০০০০ | ৩৫০০০ |
| [৪] ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে ডিজিটাল ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ এবং আইসিটি ব্যবহারের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধি ও গ্রাহক সেবার মান উন্নয়ন এবং সার্বিক নিরাপত্তা জোরদার; | ১২ | [৪.১] ক্যাশলেস ট্রানজেকশন বৃদ্ধিকরণ | [৪.১.৩] BEFTN এ লেনদেনকৃত অর্থের পরিমাণ | সমষ্টি | কোটি টাকা | ২ | ৩৭০.৯০ | ২৫৭.৩০ | ৩০০ | ২৮০ | ২৭০ | ২৫০ | ২০০ | ৪০০ | ৫০০ |
| [৪] ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে ডিজিটাল ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ এবং আইসিটি ব্যবহারের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধি ও গ্রাহক সেবার মান উন্নয়ন এবং সার্বিক নিরাপত্তা জোরদার; | ১২ | [৪.২] মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস চালুকরণ (মোবাইল ব্যাংকিং অথবা ইন্টারনেট ব্যাংকিং) | [৪.২.১] ইন্টারনেট/App based মোবাইল ব্যাংকিং এর গ্রাহক সংখ্যা | সমষ্টি | সংখ্যা (হাজার) | ৩ | | ০.৪৪৯ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৭ |
| | | [৪.৩] উপশাখা ব্যাংকিং চালুকরণ | [৪.৩.১] চালুকৃত উপশাখা | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১২ | ১৫ |
| [৫] নারী উদ্যোগক্তাদের ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে নারীর ক্ষমতায়ন এবং সামাজিক নিরাপত্তা বৃদ্ধিকরণ। | ১০ | [৫.১] নারী উদ্যোক্তাদের মধ্যে এসএমই ঋণ বিতরণ ও আদায় | [৫.১.১] নতুন উদ্যোক্তার সংখ্যা | সমষ্টি | সংখ্যা জন | ৪ | ৫৮ | ৩৫ | ৮০ | ৬৫ | ৬০ | ৫০ | ৪০ | ১০০ | ১২০ |
| [৫] নারী উদ্যোগক্তাদের ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে নারীর ক্ষমতায়ন এবং সামাজিক নিরাপত্তা বৃদ্ধিকরণ। | ১০ | [৫.১] নারী উদ্যোক্তাদের মধ্যে এসএমই ঋণ বিতরণ ও আদায় | [৫.১.২] বিতরণকৃত ঋণের পরিমাণ | সমষ্টি | কোটি টাকা | ৩ | ৩৩.৬৮ | ২.৩১ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১২ | ১৫ |
| [৫] নারী উদ্যোগক্তাদের ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে নারীর ক্ষমতায়ন এবং সামাজিক নিরাপত্তা বৃদ্ধিকরণ। | ১০ | [৫.১] নারী উদ্যোক্তাদের মধ্যে এসএমই ঋণ বিতরণ ও আদায় | [৫.১.৩] আদায়কৃত ঋণের পরিমাণ | সমষ্টি | কোটি টাকা | ৩ | | ২৮.৩০ | ২৫ | ২৩ | ২১ | ১৯ | ১৭ | ২৭ | ৩০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, বেসিক ব্যাংক লিমিটেড, সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় হিসাবে ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, বেসিক ব্যাংক লিমিটেড-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও<br>বেসিক ব্যাংক লিমিটেড | 28/06/২০২২<br>তারিখ |
| সচিব<br>আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় | ২৮.০৬.২০২২ খ্রি.<br>তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আরটিজিএস | রিয়েল টাইম গ্রস সেটেলমেন্ট |
| ২ | এটিএম | অটোমেটেড টেলার মেশিন |
| ৩ | বিইএফটিএন | বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক |

# সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] কৃষিঋণ বিতরণ ও আদায় | [১.১.১] বিতরণকৃত কৃষি ঋণ | শাখাসমূহ, প্রধান কার্যালয়ের এগ্রিকালচার, মাইক্রোক্রেডিট এন্ড স্পেশাল ফাইন্যান্স ডিভিশন এবং সার্কেলসমূহ | প্রধান কার্যালয়ের এগ্রিকালচার, মাইক্রোক্রেডিট এন্ড স্পেশাল ফাইন্যান্স ডিভিশন এবং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম ডিভিশন হতে প্রেরিত বিবরনী |
| | [১.১.২] আদায়কৃত কৃষি ঋণ | শাখাসমূহ, প্রধান কার্যালয়ের এগ্রিকালচার, মাইক্রোক্রেডিট এন্ড স্পেশাল ফাইন্যান্স ডিভিশন এবং সার্কেলসমূহ | প্রধান কার্যালয়ের এগ্রিকালচার, মাইক্রোক্রেডিট এন্ড স্পেশাল ফাইন্যান্স ডিভিশন এবং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম ডিভিশন হতে প্রেরিত বিবরনী |
| [১.২] এসএমই ঋণ বিতরণ ও আদায় | [১.২.১] বিতরণকৃত এসএমই ঋণ | শাখাসমূহ, প্রধান কার্যালয়ের ক্ষুদ্র ব্যবসায় অর্থায়ন বিভাগ এবং সার্কেলসমূহ | প্রধান কার্যালয়ের ক্ষুদ্র ব্যবসায় অর্থায়ন বিভাগ এবং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম ডিভিশন হতে প্রেরিত বিবরনী |
| | [১.২.২] আদায়কৃত এসএমই ঋণ | শাখাসমূহ, প্রধান কার্যালয়ের ক্ষুদ্র ব্যবসায় অর্থায়ন বিভাগ এবং সার্কেলসমূহ | প্রধান কার্যালয়ের ক্ষুদ্র ব্যবসায় অর্থায়ন বিভাগ এবং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম ডিভিশন হতে প্রেরিত বিবরনী |
| [১.৩] শিল্প ঋণ বিতরণ ও আদায় | [১.৩.১] বিতরণকৃত শিল্প ঋণ | শাখাসমূহ, প্রধান কার্যালয়ের শিল্প ঋণ বিভাগ এবং সার্কেলসমূহ | প্রধান কার্যালয়ের শিল্প ঋণ বিভাগ এবং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম ডিভিশন হতে প্রেরিত বিবরনী |
| | [১.৩.২] আদায়কৃত শিল্প ঋণ | শাখাসমূহ, প্রধান কার্যালয়ের শিল্প ঋণ বিভাগ এবং সার্কেলসমূহ | প্রধান কার্যালয়ের শিল্প ঋণ বিভাগ এবং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম ডিভিশন হতে প্রেরিত বিবরনী |
| [১.৪] অন্যান্য বিনিয়োগ (কৃষি, এসএমই, শিল্প, গৃহনির্মাণ ও বিশেষ চলতি মূলধন ঋণ ব্যতীত ট্রেজারি বন্ডে মোট বিনিয়োগ) | [১.৪.১] অন্যান্য বিনিয়োগকৃত অর্থ | প্রধান কার্যালয়ের ট্রেজারি এন্ড ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস ডিভিশন | প্রধান কার্যালয়ের ট্রেজারি এন্ড ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস ডিভিশন হতে প্রাপ্ত বিবরনী |
| [২.১] শ্রেণিকৃত ঋণের পরিমাণ হ্রাস ও নগদ আদায় | [২.১.১] শ্রেণিকৃত ঋণের স্থিতি | সংশ্লিষ্ট শাখাসমূহ এবং প্রধান কার্যালয়ের রিকভারী ডিভিশন | প্রধান কার্যালয়ের রিকভারী ডিভিশন হতে প্রাপ্ত সিএল বিবরণী |
| [২.১] শ্রেণিকৃত ঋণের পরিমাণ হ্রাস ও নগদ আদায় | [২.১.২] আদায়কৃত অর্থ | সংশ্লিষ্ট শাখাসমূহ এবং প্রধান কার্যালয়ের রিকভারী ডিভিশন | প্রধান কার্যালয়ের রিকভারী ডিভিশন হতে প্রাপ্ত বিবরণী |
| [২.২] অবলোপনকৃত ঋণের পরিমাণ হ্রাস ও নগদ আদায় | [২.২.১] অবলোপনকৃত ঋণের স্থিতি | সংশ্লিষ্ট শাখাসমূহ এবং প্রধান কার্যালয়ের রিকভারী ডিভিশন ও রিটেন-অফ লোন রিকভারী ইউনিট | প্রধান কার্যালয়ের রিটেন-অফ লোন রিকভারী ইউনিট হতে প্রাপ্ত বিবরণী |
| | [২.২.২] আদায়কৃত অর্থ | সংশ্লিষ্ট শাখাসমূহ এবং প্রধান কার্যালয়ের রিকভারী ডিভিশনও রিটেন-অফ লোন রিকভারী ইউনিট | প্রধান কার্যালয়ের রিটেন-অফ লোন রিকভারী ইউনিট হতে প্রাপ্ত বিবরণী |
| [২.৩] স্বল্পব্যয়ী আমানতের হার বৃদ্ধি ও পরিচালন মুনাফা অর্জন | [২.৩.১] স্বল্পব্যয়ী আমানতের হার | শাখাসমূহ এবং প্রধান কার্যালয়ের ব্রান্ডিং এন্ড করপোরেট কমুনিকেশন ডিভিশন | প্রধান কার্যালয়ের ব্রান্ডিংএন্ড করপোরেট কমুনিকেশন ডিভিশন হতে প্রাপ্ত বিবরণী |
| | [২.৩.২] অর্জনকৃত পরিচালন মুনাফা | শাখাসমূহ এবং প্রধান কার্যালয়ের বিভাগসমূহ | প্রধান কার্যালয়ের ফাইন্যান্স এন্ড একাউন্টস ডিভিশন হতে প্রাপ্ত বিবরণী |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [২.৪] আন্তঃশাখা লেনদেন সমন্বয়করণ ও লোকসানী শাখার সংখ্যা হ্রাস | [২.৪.১] সমন্বয়কৃত এন্ট্রি | শাখাসমূহ এবং প্রধান কার্যালয়ের ব্যাক অফিস ডিভিশন | প্রধান কার্যালয়ের ব্যাক অফিস ডিভিশন হতে প্রাপ্ত বিবরণী |
| | [২.৪.২] লোকসানী শাখার স্থিতি | শাখাসমূহ এবং প্রধান কার্যালয়ের বিভাগসমূহ | প্রধান কার্যালয়ের রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট ডিভিশন প্রেরিত ব্যাংকের কোর ব্যাংকিং সিসটেম হতে প্রাপ্ত তথ্য |
| [৩.১] মূলধন সংরক্ষণের হার বৃদ্ধিকরণ ও প্রভিশন সংরক্ষণ | [৩.১.১] সংরক্ষিত মূলধন | প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহ | প্রধান কার্যালয়ের রিস্ক ম্যানেজমেন্ট ডিভিশন হতে প্রাপ্ত বিবরণী |
| [৩.১] মূলধন সংরক্ষণের হার বৃদ্ধিকরণ ও প্রভিশন সংরক্ষণ | [৩.১.২] সংরক্ষিত প্রভিশন | প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহ | প্রধান কার্যালয়ের ফাইন্যান্স এন্ড একাউন্টস ডিভিশন হতে প্রাপ্ত বিবরণী |
| [৩.২] মামলা নিষ্পত্তিকরণ | [৩.২.১] নিষ্পত্তিকৃত রিট মামলার সংখ্যা | প্রধান কার্যালয়ের লিগ্যাল ইস্যুজ ডিভিশন | প্রধান কার্যালয়ের লিগ্যাল ইস্যুজ ডিভিশন হতে প্রাপ্ত বিবরণী |
| | [৩.২.২] নিষ্পত্তিকৃত অর্থঋণ মামলার সংখ্যা | সংশ্লিষ্ট শাখাসমূহ এবং প্রধান কার্যালয়ের লিগ্যাল ইস্যুজ ডিভিশন | প্রধান কার্যালয়ের লিগ্যাল ইস্যুজ ডিভিশন হতে প্রাপ্ত বিবরণী |
| | [৩.২.৩] নিষ্পত্তিকৃত বিভাগীয় ও অন্যান্য মামলার সংখ্যা | প্রধান কার্যালয়ের লিগ্যাল ইস্যুজ ডিভিশন এবং ডিসিপ্লিনারী ডিভিশন | প্রধান কার্যালয়ের লিগ্যাল ইস্যুজ ডিভিশন এবং ডিসিপ্লিনারী ডিভিশন হতে প্রাপ্ত বিবরণী |
| [৪.১] ক্যাশলেস ট্রানজেকশন বৃদ্ধিকরণ | [৪.১.১] ডেবিট/ক্রেডিট কার্ডের নতুন গ্রাহক সংখ্যা | শাখাসমূহ এবং প্রধান কার্যালয়ের কার্ড ডিভিশন | প্রধান কার্যালয়ের কার্ড ডিভিশন হতে প্রাপ্ত বিবরণী |
| | [৪.১.২] RTGS এ লেনদেনকৃত অর্থের পরিমাণ | শাখাসমূহ এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহ | প্রধান কার্যালয়ের ব্যাক অফিস ডিভিশন হতে প্রাপ্ত বিবরণী |
| | [৪.১.৩] BEFTN এ লেনদেনকৃত অর্থের পরিমাণ | শাখাসমূহ এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহ | প্রধান কার্যালয়ের ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি ডিভিশন ও BACH এন্ড RTGS ইউনিট হতে প্রাপ্ত বিবরণী |
| [৪.২] মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস চালুকরণ (মোবাইল ব্যাংকিং অথবা ইন্টারনেট ব্যাংকিং) | [৪.২.১] ইন্টারনেট/App based মোবাইল ব্যাংকিং এর গ্রাহক সংখ্যা | শাখাসমূহ এবং প্রধান কার্যালয়ের ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি ডিভিশন | প্রধান কার্যালয়ের ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি ডিভিশন হতে প্রাপ্ত বিবরণী |
| [৪.৩] উপশাখা ব্যাংকিং চালুকরণ | [৪.৩.১] চালুকৃত উপশাখা | প্রধান কার্যালয়ের ব্রাঞ্চ কন্ট্রোল ডিভিশন | প্রধান কার্যালয়ের ব্রাঞ্চ কন্ট্রোল ডিভিশন হতে প্রাপ্ত বিবরণী |
| [৫.১] নারী উদ্যোক্তাদের মধ্যে এসএমই ঋণ বিতরণ ও আদায় | [৫.১.১] নতুন উদ্যোক্তার সংখ্যা | সংশ্লিষ্ট শাখাসমূহ, প্রধান কার্যালয়ের নারী উদ্যোক্তা ইউনিট এবং সার্কেলসমূহ | প্রধান কার্যালয়ের নারী উদ্যোক্তা ইউনিট হতে প্রাপ্ত বিবরণী |
| | [৫.১.২] বিতরণকৃত ঋণের পরিমাণ | সংশ্লিষ্ট শাখাসমূহ, প্রধান কার্যালয়ের নারী উদ্যোক্তা ইউনিট এবং সার্কেলসমূহ | প্রধান কার্যালয়ের নারী উদ্যোক্তা ইউনিট হতে প্রাপ্ত বিবরণী |
| | [৫.১.৩] আদায়কৃত ঋণের পরিমাণ | সংশ্লিষ্ট শাখাসমূহ, প্রধান কার্যালয়ের নারী উদ্যোক্তা ইউনিট এবং সার্কেলসমূহ | প্রধান কার্যালয়ের নারী উদ্যোক্তা ইউনিট হতে প্রাপ্ত বিবরণী |

# সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| মূলধন সংরক্ষণের হার বৃদ্ধিকরণ ও প্রভিশন সংরক্ষণ | সংরক্ষিত মূলধন | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সরকার ব্যাংকটির শতভাগ মালিক হওয়ায় সরকারের নিকট হতে প্রয়োজনীয় মূলধন সরবরাহের প্রত্যাশা |
| স্বল্পব্যয়ী আমানতের হার বৃদ্ধি ও পরিচালন মুনাফা অর্জন | স্বল্পব্যয়ী আমানতের হার | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সকল মন্ত্রণালয়, অধীনস্থ দপ্তর, অধিদপ্তর ও পরিদপ্তরের গৃহীতব্য প্রকল্প ও বিশেষ তহবিল (Special Fund) এর ব্যাংকার হিসেবে অন্যান্য সরকারী ব্যাংকের ন্যায় বেসিক ব্যাংক-কেও অন্তর্ভুক্তকরণ |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ